**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 24-02-2026** **Time : 1-40 P.M.**

**বিশেষ বিশেষ খবর –**

১) পশ্চিমবঙ্গে SIR-এর লজিক্যাল ডিসক্রিপেন্সি বা তথ্যগত অসংগতির নথি যাচাই-এর জন্য সুপ্রিম কোর্ট এবার ঝাড়খন্ড ও ওড়িশার বিচারবিভাগীয় আধিকারিকদের কাজে লাগানোর নির্দেশ দিয়েছে। # রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রেক্ষিতে ভোটকর্মীদের জন্য প্রশিক্ষণ শুরু হতে চলেছে।

২/ মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার জোর দিয়ে বলেছেন, গণতন্ত্রের মূল ভিত্তি হল- স্বচ্ছ ভোটার তালিকা।

৩/ বিজেপি, রাজ্যে SIR প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার দাবি জানিয়েছে।
৪/ সীমান্তে কাঁটাতার দেওয়া সহ কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পে জমি দেওয়ার প্রস্তাবগুলি দ্রুত পর্যালোচনা করতে, রাজ্য সরকার মন্ত্রী গোষ্ঠী গঠন করেছে।

৫/ স্কুল সার্ভিস কমিশনের একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের কাউন্সেলিং আজ শুরু হয়েছে।

৬/ বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি হওয়ার কারণে আজ দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ এলাকা জুড়ে বিক্ষিপ্তভাবে বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে।

*************************************************************************

রাজ্যে SIR-এর লজিক্যাল ডিসক্রিপেন্সি বা তথ্যগত অসংগতির নথি যাচাই-এর জন্য সুপ্রিম কোর্ট এবার ঝাড়খন্ড ও ওড়িশার বিচারবিভাগীয় আধিকারিকদের কাজে লাগানোর নির্দেশ দিয়েছে। এর আগে নির্দেশ অনুযায়ী জুডিশিয়াল আধিকারিক নিয়োগের বিষয়ে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল, সর্বোচ্চ আদালতে স্টেটাস রিপোর্ট জমা দেন। তাতে জানানো হয়েছে, প্রায় ৮০ লক্ষ নথি খতিয়ে দেখার কাজ বাকি আছে। এই পরিস্থিতিতে এখনো পর্যন্ত ২৯৪ জন কর্মরত ও প্রাক্তন বিচারকদের নিয়োগ করা হয়েছে। তাঁরা প্রতিদিন আড়াইশ’ জনের নথি যাচাই করলেও, সম্পূর্ণ কাজ মিটতে ৮০ দিন সময় লেগে যাবে। এর প্রেক্ষিতেই আজ জরুরী ভিত্তিতে মামলার শুনানি করা হয়। প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী ও বিচারপতি বিপুল এন পাঞ্চোলির বেঞ্চ জানিয়েছেন, কাজ দ্রুত সম্পন্ন করতে পার্শ্ববর্তী রাজ্যের বিচারক নিয়োগ করা যেতে পারে। কাজে লাগানো যাবে তিন বছরের অভিজ্ঞতা সম্পন্ন সিভিল জাজদের’ও। রাজ্যের আইনজীবি কপিল সিব্বাল এবং কল্যাণ বন্দোপাধ্যায় এই সিদ্ধান্তের বিরোধিতা করে, ভাষাগত সমস্যার দিকটি উত্থাপন করেন। সর্বোচ্চ আদালতের বেঞ্চ এই বিরোধিতার জবাবে জানিয়েছে, ঝাড়খন্ড ও ওড়িশার মতো রাজ্যগুলি ভৌগলিকভাবে এরাজ্যের পাশাপাশি অবস্থান করায়, সেখানকার কিছু অংশের লোকজন পশ্চিমবঙ্গের ভাষা বোঝে। কাদের নিয়োগ করা হবে, সে সংক্রান্ত সিদ্ধান্ত নেবেন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি।

সুপ্রিম কোর্ট আজ আবারো জানিয়েছে, আগামী ২৮শে ফেব্রুয়ারী'ই চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করতে হবে। বাকি থাকা কাজের নিরিখে পরবর্তী সময়ে অতিরিক্ত তালিকা প্রকাশ করতে পারবে কমিশন।

*********************************************************************

সুপ্রিম কোর্টের নির্দেশে বিচারবিভাগীয় আধিকারিকদের তদারকিতে এসআইআর-এর নথি যাচাই এবং নিষ্পত্তির কাজ শুরু হয়েছে। নথিপত্র খতিয়ে দেখছেন কলকাতা হাইকোর্ট নিযুক্ত জেলা বিচারক এবং অতিরিক্ত জেলা বিচারকরা।

বিচারকদের জন্য আলাদা লগ-ইন আই ডি তৈরি হয়েছে। এস আই আর-কে কেন্দ্র করে তৈরি জটিলতা কাটাতে গতকাল ফের কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল, নির্বাচন কমিশন ও বিচারবিভাগীয় প্রতিনিধিদের মধ্যে বৈঠক হয়। বৈঠক শেষে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানান, এস আই আর-এর কাজে নিযুক্ত বিচার বিভাগীয় আধিকারিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে। এখনও পর্যন্ত যতটুকু কাজ হয়েছে এবং আগামী দিনে কোন পদ্ধতিতে কাজ এগোবে সেবিষয়ে তৈরি হয়েছে নির্দিষ্ট গাইডলাইন।

হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল স্পষ্ট জানিয়েছেন, নির্ধারিত গাইডলাইন অনুযায়ী কাজ হবে। সুপ্রিম কোর্টের নির্দেশ মেনেই সম্পূর্ণ প্রক্রিয়া চলবে। সূত্রের খবর, এস আই আর-এর কাজের অগ্রগতির রিপোর্ট হাইকোর্টে জমা দিতে হবে বলেও বৈঠকে স্হির হয়েছে। বিচারবিভাগীয় আধিকারিকরা কিভাবে নথি পরীক্ষা করবেন, সিদ্ধান্ত নেবেন, আবেদন গ্রহণ বা বাতিল হলে তার কারণ কিভাবে জানাবেন– সেই বিষয়টিও ব্যাখ্যা করা হয় বৈঠকে।

*********************************************************************

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার, জোর দিয়ে জানিয়েছেন, গণতন্ত্রের মুল ভিত্তি হল- স্বচ্ছ ভোটার তালিকা। নতুন দিল্লির ভারত মন্ডপমে নির্বাচন কমিশন এবং রাজ্য নির্বাচন কমিশনারদের গোল টেবিল বৈঠকে আজ শ্রী কুমার বলেন, সমস্ত যোগ্য ভোটারদের তালিকায় রেখে অযোগ্যদের তালিকা থেকে বার করার উদ্দেশেই SIR চালু করা হয়েছিল।

*********************************************************************

রাজ্যে বিধানসভা নির্বাচনের প্রেক্ষিতে ভোটকর্মীদের জন্য প্রশিক্ষণ শুরু হতে চলেছে।

এক বিজ্ঞপ্তিতে, জাতীয়, রাজ্য, জেলা, মহকুমা এবং রিটার্নিং অফিসার স্তর পর্যন্ত একাধিক ধাপে এই প্রশিক্ষণের রূপরেখা প্রকাশ করেছে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর। বিজ্ঞপ্তি অনুযায়ী, জাতীয় স্তরে নির্বাচন কমিশন ও ইন্ডিয়ান ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব ডেমোক্রেসি অ্যান্ড ইলেকশন ম্যানেজমেন্ট-এর তত্ত্বাবধানে বিভিন্ন বিষয়ের উপর অনলাইন ও সরাসরি প্রশিক্ষণ হবে। রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং

অফিসার, জেলা নির্বাচন আধিকারিকদের আলাদা আলাদাভাবে প্রশিক্ষণ দেওয়া হবে। রাজ্য স্তরে ৬ থেকে ১৩'ই মার্চ পর্যন্ত মনোনয়ন প্রক্রিয়া, প্রযুক্তির ব্যবহার, নজরদারি, ভোটগ্রহণ ও গণনা, নির্বাচনী তালিকা এবং সামগ্রিক ভোট পরিচালনার জন্য পর্যায়ক্রমে প্রশিক্ষণ দেওয়া হবে। এতে জেলা নির্বাচন আধিকারিক, RO এবং ARO, পুলিশ আধিকারিক, মিডিয়া প্রতিনিধি এবং রাজনৈতিক দলগুলি অংশ নেবে। জেলা স্তরে ইভিএম সংক্রান্ত ফার্স্ট লেভেল চেকিং থেকে শুরু করে আইন-শৃঙ্খলা, মডেল কোড, ব্যয় পর্যবেক্ষণ, অভিযোগ ব্যবস্থাপনা এবং ভোটের দিন সংক্রান্ত বিষয় নিয়ে মার্চের মাঝামাঝি পর্যন্ত ধারাবাহিক প্রশিক্ষণ চলবে। মহকুমা ও RO স্তরে পোলিং পার্সোনেলদের জন্য তিন দিনের প্রশিক্ষণ, ইভিএম-ভিভিপ্যাটে হাতে-কলমে মহড়া, ১০০টি মক ভোট দিয়ে সার্টিফিকেশনও বাধ্যতামূলক করা হয়েছে। গণনার আগে কাউন্টিং পার্সোনেল ও ডিস্ট্রিক্ট কন্ট্রোল রুম সেন্টারের কর্মীদেরও প্রশিক্ষণ দেওয়া হবে কমিশন সূত্রে দাবি, ভোট প্রক্রিয়া যাতে নির্ভুল ও স্বচ্ছ ভাবে সম্পন্ন হয়, সেই লক্ষ্যেই এই বহুস্তরীয় প্রশিক্ষণ পরিকল্পনা। নির্বাচন ঘোষণা হওয়ার সঙ্গে সঙ্গেই ধাপে ধাপে এই সূচি কার্যকর হবে।

****************************************************************************

বিজেপি, রাজ্যে SIR প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার দাবি জানিয়েছে।

কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, পশ্চিমবঙ্গের সঙ্গেই দেশের আরো ১১টি রাজ্যে প্রক্রিয়া শুরু হয়েছিল। অবিজেপি-শাসিত তামিলনাড়ু এবং কেরালাতে'ও এই প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। কোথাও কোন বিরোধিতা বা বিরোধীদলের BLA-দের উপর আক্রমণ, BLO-দের ভয় দেখানো হয়নি। শুধুমাত্র পশ্চিমবঙ্গেই যাবতীয় অভিযোগ এসেছে, যা সামগ্রিকভাবে আমাদের কাছে লজ্জার। সুপ্রিম কোর্ট, বিচারকদের নেতৃত্বে এই প্রক্রিয়া চালানোর নির্দেশ দিয়েছে যা অত্যন্ত দুর্ভাগ্যজনক।

( বাইট- শমীক )

তিনি বলেন, এর অর্থ রাজ্যের প্রশাসকদের অযোগ্যতা এবং বিশ্বাসযোগ্যতার অভাব অথবা প্রশাসনে পুরোপুরি রাজনীতিকরণের ফলে সুপ্রিম কোর্ট সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ওপর বিশ্বাস রাখতে পারছে না।

রাজ্য সভাপতির আরও অভিযোগ, প্রশাসন এবং তৃণমূল কংগ্রেসের জন্যই SIR প্রক্রিয়ার শুনানিতে মানুষকে অযথা হয়রানির শিকার হতে হয়েছে। তাই একবার এরাজ্যে এসে মুর্শিদাবাদ, মালদা, দক্ষিণ চব্বিশ পরগনা, হাওড়ার মতো জেলাগুলিতে একবার SIR প্রক্রিয়া কিভাবে চলছে তা পর্যবেক্ষণ করার জন্য শ্রী ভট্টাচার্য মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের কাছে দাবি জানিয়েছেন।

****************************************************************************

বাঁকুড়ার রানিবাঁধ বিধানসভার তৃণমূল কংগ্রেস বিধায়ক জ্যোৎস্না মাণ্ডির সম্পত্তির পরিমাণ, পাঁচ বছরে বিপুল হারে বেড়েছে বলে বিজেপি অভিযোগ করেছে। জেলা কার্যালয়ে দলের তরফ থেকে পুরুলিয়া ও বাঁকুড়ার চার্জশিট পেশ করে বিধায়ক অগ্নিমিত্রা পাল দাবী করেন, সরকারি পদের অপব্যবহার করে জ্যোৎস্না মাণ্ডি, তালবেড়িয়া এলাকায় বহু কোটি টাকার বিলাসবহুল রিসর্ট গড়ে তুলেছেন। রাজ্য সরকার একাধিক প্রতিশ্রুতি পূরণে ব্যার্থ হয়েছে বলেও অভিযোগ করেন তিনি। বেআইনি কয়লা খনি, কাটমানি, বাঁকুড়ায় রেশনে নিম্নমানের

খাদ্যশস্য, ১৪০ কোটি টাকার বাঁকুড়া-ঝাড়গ্রাম রাজ্য সড়কের বেহাল দশা, জঙ্গলমহলে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ, হাসপাতালের ভিতর বিষাক্ত কেউটে ও চন্দ্রবোড়া সাপের উপদ্রব সহ একাধিক বিষয় তুলে ধরেন তিনি।

*************************************************************************

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে বিজেপির প্রচারে বাধা দেওয়ার অভিযোগ উঠেছে শাসক তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। জানা গেছে, গতকাল বিকেলে দুর্গাপুরের DSP টাউনশিপের বি-জোন এলাকায় দলের গৃহ সম্পর্ক অভিযানে বেরিয়েছিলেন বিজেপি কর্মীরা। সেই সময় তৃণমূল কংগ্রেসের প্রাক্তন কাউন্সিলার ধৃতি বন্দোপাধ্যায় ও তাঁর স্বামী একদল লোকজন নিয়ে তাঁদের ওপর চড়াও হয়। মারধোরের পাশাপাশি বিজেপির মহিলা কর্মীদের গায়ে হাত দেওয়া এবং গালিগালাজ'ও দেওয়া হয় বলে অভিযোগ। দোষীদের গ্রেপ্তারের দাবীতে বি-জোন পুলিশ ফাঁড়ির সামনে বিজেপি নেতা চন্দ্রশেখর বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে বিক্ষোভ দেখানো হয়।
যদিও তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে যাবতীয় অভিযোগ অস্বীকার করা হয়েছে।

*************************************************************************

আজকের প্রসঙ্গে এবারের বিষয়: সম্প্রতি হয়ে যাওয়া এই আই সামিট এবং ভারতের সম্ভাবনা। কৃত্রিম বুদ্ধিমত্তা বিশেষজ্ঞ সৌম্য শুভ্র রয়ের সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার। আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*************************************************************************

সীমান্তে কাঁটাতার দেওয়া সহ কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পে জমি দেওয়ার প্রস্তাবগুলি দ্রুত পর্যালোচনা করতে, রাজ্য সরকার একটি মন্ত্রী গোষ্ঠী গঠন করেছে।
অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, বিদ্যুৎমন্ত্রী অরূপ বিশ্বাস ও পুর মন্ত্রী ফিরহাদ হাকিমকে নিয়ে তিন সদস্যের এই কমিটি গঠন করা হয়েছে। এরা, জমি দেওয়ার বিভিন্ন প্রস্তাবগুলি পর্যালোচনা করে রাজ্যকে প্রয়োজনীয় সুপারিশ করবে। সেক্ষেত্রে ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের সচিব, এই মন্ত্রীগোষ্ঠীকে সহায়তা করবেন।
উল্লেখ্য, সীমান্তে কাঁটাতার দিতে জমি হস্তান্তর বাবদ কেন্দ্রীয় সরকার রাজ্যকে ইতি মধ্যেই টাকা দিয়েছে। তা সত্ত্বেও প্রয়োজনীয় জমি রাজ্য, কেন্দ্রকে হস্তান্তর করেনি। এর প্রেক্ষিতেই কলকাতা হাইকোর্টের নির্দেশ, চলতি বছরের ৩১ শে মার্চ-এর মধ্যে জমি হস্তান্তরের কাজ সম্পন্ন করতে হবে।

*************************************************************************

স্কুল সার্ভিস কমিশনের একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের কাউন্সেলিং আজ শুরু হয়েছে। সল্টলেকে কমিশনের প্রধান কার্যালয়ে কাউন্সেলিং প্রক্রিয়া চলছে। মেধা তালিকার মাধ্যমে 'ওপেন কাউন্সেলিং'য়ের আয়োজন করা হয়েছে। ফলে মেধার ভিত্তিতে সকল প্রার্থী, স্কুল বাছাইয়ের সমান সুযোগ পাবেন বলে

জানিয়েছে এসএসসি। স্কুল বাছাইয়ের পর কমিশন প্রার্থীদের সুপারিশপত্র দেবে। আগামী মাস থেকেই শিক্ষকরা সংশ্লিষ্ট স্কুলে নিযুক্ত হবেন বলে জানা গেছে।

একাদশ ও দ্বাদশের মেধা তালিকায় ১৮ হাজার ২২৭ জন প্রার্থীর নাম প্রকাশ করা হয়। ১২ হাজার ৪৪৫টি শূন্যপদের জন্য শিক্ষক নিয়োগ হবে।

উল্লেখ্য, গত বছর ১৪ সেপ্টেম্বর পরীক্ষা হয়েছিল। পরীক্ষায় বসেছিলেন ২ লক্ষ ২৯ হাজার ৬০৬ জন।

**********************************************************************

যাদবপুর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অধ্যাপক নিগ্রহের ঘটনার তদন্তে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পাঁচ সদস্যের কমিটি গঠন করেছে। ISI এর প্রাক্তন ডিরেক্টর অধ্যাপক বিমল রায়ের নেতৃত্বে গঠিত ওই কমিটিতে কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য শ্যামল রায়, Bose Institute- এর প্রাক্তন রেজিস্ট্রার শম্পা দাস, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের Pro Vice Chancellor অমিতাভ দত্ত, ডেপুটি রেজিস্ট্রার ডক্টর আবুল হাসনাথ।

উল্লেখ্য, গত শুক্রবার সাংস্কৃতিক অনুষ্ঠানকে কেন্দ্র করে দুই ছাত্র সংগঠনের কর্মী সমর্থকরা হাতাহাতি জড়িয়ে পড়ে। পরিস্থিতি সামাল দিতে গিয়ে দুই অধ্যাপক আক্রান্ত হন।

ঘটনার প্রতিবাদে, অধ্যাপকদের সংগঠন Jadavpur University Teachers' Association-JUTA-র তরফে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য চিরঞ্জীব ভট্টাচার্যের কাছে ডেপুটেশন দেওয়া হয়। আজকের মধ্যে দোষীদের বিরুদ্ধে শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণ না করা হলে বৃহত্তর আন্দোলনে নামার হুঁশিয়ারি দিয়েছেন তাঁরা।

এদিকে, গতকালও দুদল ছাত্রের মধ্যে নতুন করে উত্তেজনা তৈরি হয়। এক পড়ুয়া আহত হয়েছেন বলে খবর।

**********************************************************************

কলকাতা সহ বিভিন্ন জেলার আদালতের আজ বোমাতঙ্ক ছড়িয়ে পড়ে। কলকাতার ব্যাংকশাল আদালতে ইমেইল মাধ্যমে বোমা থাকার খবর পাওয়ার পরে আদালত চত্বর ফাঁকা করে দেওয়া হয়। এরপরই আসানসোল, চুঁচুড়া ,বহরমপুর আদালতেও একইভাবে বোমাতঙ্ক ছড়ায়। সব আদালতেই কাজকর্ম সাময়িকভাবে বন্ধ রয়েছে।

**********************************************************************

কলকাতায় করদাতার সংখ্যা অনেকাংশেই বৃদ্ধি পেয়েছে বলে পুরসভা সূত্রে জানা গেছে। কলকাতা পুরসভা এলাকায় সমস্ত জমি বাড়ি মিউটেশনের আওতায় আনার ব্যাপক তৎপরতার ফলেই করদাতার সংখ্যা বৃদ্ধি পেয়েছে বলে পুরসভা সূত্রে খবর। কোন ঘরবাড়ি সম্পত্তি যাতে মিউটেশনের আওতার বাইরে না থাকে সে ব্যাপারে ইতিমধ্যেই সংশ্লিষ্ট বিভাগের আধিকারিকদের নির্দেশ দিয়েছেন রাজ্যের পুর ও নগর উন্নয়নমন্ত্রী তথা কলকাতা পুর সভার মেয়র ফিরহাদ হাকিম। এর ফলে কলকাতা পুরসভা এলাকার কর দাতার সংখ্যা আরো বৃদ্ধি পাবে বলে পুরসভা সূত্রে খবর।

উল্লেখ্য, কলকাতা পুরসভার সংযুক্ত এলাকায় (Added area) ঘরবাড়ির সংখ্যা বাড়ছে। ওই সব এলাকায় বাড়িঘর সম্পত্তি যাতে মিউটেশনের আওতার বাইরে না থাকে সে ব্যাপারে তৎপরতা শুরু করেছে কলকাতা পুরসভা।

********************************************************************

১৮৭৩ থেকে ২০২৬ --- ১৫৩ বছরে পা দিল কলকাতার ট্রাম। জন্মদিন উপলক্ষে আজ বিশেষ ট্রামযাত্রার আয়োজন করেছে ট্রামপ্রেমীদের একটি সংগঠন। ইতিহাসকে ফিরে দেখার এই যাত্রায় চলবে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়কার একটি ট্রাম। গড়িয়াহাট ডিপো থেকে যাত্রা শুরু করে এসপ্ল্যানেড ও শ্যামবাজার হয়ে শহরের পথ পরিক্রমা করে গীতাঞ্জলি নামের ট্রামটি। এতে অংশ নেন অভিনেত্রী রূপা গঙ্গোপাধ্যায়, নাট্য ব্যক্তিত্ব রুদ্রপ্রসাদ সেনগুপ্ত, পরিচালক গৌতম ঘোষ, অশোক বিশ্বনাথন প্রমুখ।

********************************************************************

বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি হওয়ার কারণে আজ দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ এলাকা জুড়ে বিক্ষিপ্তভাবে বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। গত সন্ধ্যা থেকেই বিভিন্ন জেলা থেকে বৃষ্টির খবর পাওয়া গেছে। কলকাতাতে আজ ভোরের দিকে হালকা থেকে মাঝারি বৃষ্টি হয়। সকালের পরেও হালকা বৃষ্টি কোথাও কোথাও হয়েছে। উত্তর ২৪ পরগনায় সর্বোচ্চ ৪৩ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে গেছে। এছাড়া দক্ষিণ ২৪ পরগনা কলকাতা, হাওড়া, পূর্ব মেদিনীপুর পুরুলিয়া এবং পশ্চিম বর্ধমান জেলাতেও ঝড়ো হাওয়া বয়ে যায়। পরিপক্ক আলু তুলে নেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে। আগামী কয়েক দিন রাজ্যে অবশ্য শুষ্ক আবহাওয়া থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। আগামী চার দিন তাপমাত্রার বিশেষ পরিবর্তন না হলেও সপ্তাহান্তে দুই থেকে তিন ডিগ্রি পর্যন্ত তাপমাত্রা বৃদ্ধির সম্ভাবনা রয়েছে।

********************************************************************